গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(আইসিটি শাখা)
www.netrokona.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০২২.২৩.০০১.১৭- ১০৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১' উদযাপন।

সূত্র : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর ০৫ ডিসেম্বর ২০২১ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৮৩ নম্বর স্মারক।

**" ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ"**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্ব এবং মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এঁর সার্বিক তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, আইসিটি শিল্পের বিকাশ, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, আইসিটি খাতে দক্ষ জনবল তৈরী ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশের সাফল্য ও অর্জন সকল জনগণের নিকট উপস্থাপন, তথ্য প্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম সৃষ্টি, আইসিটি শিল্প বিকাশে গবেষণা ও উদ্ভাবনে উদ্বুদ্ধকরণ, ডিজিটাল সক্ষমতা উন্নয়ন এবং তথ্য প্রযুক্তি খাতে অনন্য অবদানের জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় আইসিটি বিভাগের উদ্যোগে ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী ও আর্ন্তজাতিকভাবে ৫ম 'ডিজিটাল বাংলাদেশ দিবস- ২০২১' উদযাপিত হবে। সে লক্ষ্যে জেলা প্রশাসন, নেত্রকোণা কর্তৃক নিম্নরুপভাবে কর্মসূচী গৃহীত হয়েছে।

| ক্রম. | অনুষ্ঠান/ কর্মসূচি | তারিখ, সময় ও স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | পুষ্পস্তবক অর্পণ | ১২.১২.২০২১, সকাল-৯.০০ ঘটিকা স্মৃতি স্তম্ভ,জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা। | সংশ্লিষ্ট কমিটি । |
| ০২. | বর্ণাঢ্য র‍্যালি | ১২.১২.২০২১, সকাল-৯.৩০ ঘটিকা মোক্তারপাড়া মাঠ হতে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত। | সংশ্লিষ্ট কমিটি । |
| ০৩. | সেমিনার ও আলোচনা সভা | ১২.১২.২০২১, সকাল-১০.০০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এঁর সম্মেলন কক্ষ। | সংশ্লিষ্ট কমিটি । |
| ০৪. | কেন্দ্রীয় অনুষ্ঠান সম্প্রচার ও পুরস্কার বিতরণ | ১২.১২.২০২১, সকাল-১১.৩০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এঁর সম্মেলন কক্ষ। | সংশ্লিষ্ট কমিটি । |

০২. এমতবস্থায়, অনুষ্ঠানসমূহে আপনার সানুগ্রহ উপস্থিতি একান্তভাবে কাম্য।

০৮/১২/২১

(মোহাম্মদ সুহেল মাহমুদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
নেত্রকোণা।
ফোন: ০৯৫১-৬১৩৭৪

...................................................................................
...................................................................................
..................................................................................।